

া শারহু মাসাইলিল জাহিলিয়্যাহ

বিভাগ/অধ্যায়ঃ উস্মি বা নিরক্ষর দ্বারা উদ্দেশ্য রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

উম্মি বা নিরক্ষর দ্বারা উদ্দেশ্য

আরবের যে সব লোক দীনের (তাওরাত বা ইনজিল) উপর ছিল না, তারা উদ্মি (أُمِين) নামে পরিচিত। (الأُمِّيُون) উদ্মি এর বহুবচন। শব্দটি (الأُمِّيُون) আল-উদ্ম এর দিকে সম্বন্ধিত। আর উদ্মি তারা, যারা লিখতে ও পড়তে জানে না। কারণ, তারা (আরবরা) এমন সম্প্রদায়, যাদের অধিকাংশই লেখা পড়া জানতো না। পবিত্র কুরআন নাযিল হওয়ার পূর্বে তাদের নিকট কোন কিতাব ছিল না। একারণে তাদেরকে উদ্মি বলা হয়। আল্লাহ তা আলা বলেন,

তিনিই উশ্মীদের মাঝে একজন রসূল পাঠিয়েছেন তাদের মধ্য থেকে (সূরা আল জুমু'আহ ৬২:২)। তিনি আরো বলেন,

আমি তাদেরকে কোন কিতাব দেইনি যা তারা অধ্যয়ন করত এবং তোমার পূর্বে তাদের প্রতি আর কোন সতর্ককারীও প্রেরণ করিনি (সূরা সাবা ৩৪:৪৪)। তিনি আরোও বলেন,

যাতে তুমি এমন এক সম্প্রদায়কে সতর্ক কর, যাদের পিতৃপুরুষদেরকে সতর্ক করা হয়নি, কাজেই তারা উদাসীন (সূরা ইয়াসিন ৩৬:৬)।

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে আল্লাহু তা'আলা উদ্মি বলেছেন। যেমন-

যারা অনুসরণ করে রসূলের যে উন্মী নাবী; যার গুণাবলী তারা নিজেদের কাছে তাওরাত ও ইঞ্জিলে লিখিত পায়, যে তাদেরকে সৎ কাজের আদেশ দেয় এবং অসৎ কাজ থেকে নিষেধ করে (সূরা আল 'আরাফ ৭:১৫৭)। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে উন্মি বলার কারণ হলো, তিনি পড়তে ও লিখতে জানতেন না। মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লেখাপড়া না জানা সত্ত্বেও এ মহাগ্রন্থ নিয়ে আসাই প্রমাণ করে, তার রিসালাত (অহী বার্তা) সত্য এবং এতে তার জন্য মু'জিযাও রয়েছে। অতএব, আরবরা ছিল উন্মি, তাদের নাবীও ছিলেন উন্মি, এটাই উন্মির অর্থ।



• Source — https://www.hadithbd.com/books/link/?id=8976

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন